

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯১৭
আগরতলা, ২১ ফেব্রুয়ারি, ২০২৪

আইসিএআরআইএ-২কে২৪ ছাত্রছাত্রীদের বড়
স্বপ্ন দেখাতে সহায়তা করবে : রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সন্ধ্যায় ইকফাই বিশ্ববিদ্যালয়ে ৪দিনব্যাপী আইসিএআরআইএ ২কে২৪ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানের উদ্বোধন করে প্রধান অতিথির ভাষণে রাজ্যপাল এধরণের সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। রাজ্যপাল বলেন, এধরণের সাংস্কৃতিক অনুষ্ঠান ছাত্রছাত্রীদের বড় স্বপ্ন দেখাতে সহায়তা করবে। এছাড়াও এধরণের অনুষ্ঠান অংশগ্রহণকারীদের মধ্যে দলগত সংহতি বাড়াতে সাহায্য করবে। উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন ওএনজিসি ত্রিপুরা অ্যাসেটের অ্যাসেট ম্যানেজার কৃষ্ণ কুমার। স্বাগত বক্তব্য রাখেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. বিপ্লব হালদার। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. এ রঙ্গনাথ।
